



তারিখ: ০১.১২.২০২২ খ্রি.

### ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মুরারিচাঁদ কলেজ সিলেট-এ তিন বৎসর মেয়াদী ১ম বর্ষ বি.এ (পাস), বি.এস.এস (পাস) ও বি.এসসি (পাস) কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ২য় মেধা তালিকায় মনোনয়ন প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির তফসীল নিম্নে প্রদত্ত হল:

১। (ক) মনোনীত প্রার্থী [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) ওয়েসাইটে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করবে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে ভর্তির আবেদন ফরমের কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন দিতে হবে।

(খ) প্রতিটি শিক্ষার্থীকে অনলাইনের চূড়ান্ত ভর্তি ফরমের নীচে তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য বিষয়গুচ্ছ থেকে সতর্কতার সাথে ০৩ টি নৈর্বাচনিক বিষয় লিখে দিতে হবে।

(গ) অনলাইনের প্রিন্টকৃত ফরম পূরণ করে নির্ধারিত ভর্তি ফি (বিএ/বিএসএস মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৬০/- এবং বিএসসি মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৬০/-) “রকেট”এর মাধ্যমে আগামী ০১.১২.২০২২ তারিখ থেকে ০৭.১২.২০২২ খ্রি: তারিখের মধ্যে জমা দিয়ে টাকা জমাদানের ট্রানজেকশন আইডি নম্বর সংগ্রহ করে ফরমের উপরে একটিভ মোবাইল নম্বরসহ স্পষ্ট করে ট্রানজেকশন নম্বরসহ টাকার অংক লিখতে হবে।

### Rocket Biller ID: 4063

জমাদানের তারিখ	জমাদানের স্থান	কোর্স	মেধাতালিকায় ক্রমিক	জমাদানের সময়
০৬.১২.২০২২ থেকে ০৭.১২.২০২২	তথ্য ও অনুসন্ধান কেন্দ্র	বি.এ/বিএস.সি/ বি.এস.এস	২য় মেধা তালিকায় মনোনীত সকল আবেদনকারী ও বিষয় পারিবর্তনকৃত শিক্ষার্থী	দুপুর ১.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত

২। অনলাইন ভর্তি ফরমের কলেজ কপির সাথে ০১ সেট নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

- এস.এস.সি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার নম্বরফর্দের ফটোকপি।
- এস.এস.সি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- উক্ত কাগজপত্র সংরক্ষণের জন্য নাম, ঠিকানা, মোবাইল নম্বর, রোল নম্বর ও PIN নম্বর লিখিত একটি বড় খামে জমা দিতে হবে।

১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের অনলাইন থেকে ফরম প্রিন্ট করে উক্ত তারিখের মধ্যে কলেজে কমিটির নিকট জমা দিতে হবে। \*\* কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে।\*\* কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। তবে বিএ/বিএসএস থেকে বিএসসি কোর্সে যারা পরিবর্তিত হবে তাদেরকে অনলাইন ফরমের সাথে ১০০/- ভর্তি ফি জমা দিতে হবে।

৩। বিএ/বিএসএস/বিএসসি এর বিষয়গুচ্ছ ভালভাবে দেখে বিষয় নির্বাচন করতে হবে বিষয় নির্বাচনের ক্ষেত্রে গুচ্ছের নিয়মের ব্যতিক্রম হলে পরবর্তীতে বিষয় সংক্রান্ত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

অধ্যক্ষ ১.০১/১২/২২

মুরারিচাঁদ কলেজ, সিলেট  
অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট